

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd



নং- ১৫.৫৩.০০০০.০০৭.১৭.২০১.২৩.২১২

২২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ: -----
৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ‘ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩’ উপলক্ষ্যে বাংলাদেশ বেতারে আয়োজিত অনুষ্ঠান সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

‘ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩’ উপলক্ষ্যে বাংলাদেশ বেতারের পক্ষ থেকে আজ মঙ্গলবার সকাল ৯:৩০ মিনিটে ধানমন্ডির ৩২ নম্বর সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে বাংলাদেশ বেতারের মহাপরিচালক জনাব নাসরুল্লাহ মো: ইরফান-এর নেতৃত্বে উর্ধ্বতন কর্মকর্তাদের পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। বেলা ৩:২০ মিনিটে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও এফ. এম. ব্যান্ডে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ একযোগে রিলে করে প্রচার করা হয়। এ সময় বাংলাদেশ বেতার সদর দপ্তরের আগারগাঁও চত্বরে কর্মকর্তা/কর্মচারীগণ ছোট আকৃতির জাতীয় পতাকা একযোগে হাতে নিয়ে প্রদর্শন করেন। এ সময়ে বাংলাদেশ বেতারের মহাপরিচালক তাঁর সংক্ষিপ্ত ভাষণে সকল অংশগ্রহণকারীকে ধন্যবাদ জানিয়ে বলেন, ৭ই মার্চে বাংলাদেশ বেতারসহ দেশের সকল বাণিজ্যিক এফ.এম. রেডিও এবং কমিউনিটি রেডিও-তে এভাষণ প্রচারের মাধ্যমে বঙ্গবন্ধুর অমর বাণী দেশের আপামর জনসাধারণের নিকট পৌঁছে যাচ্ছে।

এছাড়াও, আগারগাঁওস্থ বাংলাদেশ বেতারে স্থাপিত এল.ই.ডি. পর্দায় দিনব্যাপী জনসাধারণের উদ্দেশ্যে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার এবং বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট থেকে ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ, বঙ্গবন্ধুকে নিবেদিত গান, নাটক ও বিশেষ আলোচনা অনুষ্ঠান প্রচার করা হয়।

বিজ্ঞপ্তিটি অনুগ্রহপূর্বক প্রকাশ ও প্রচারের জন্য অনুরোধ করা হলো।

মো: আরিফুল ইসলাম
পরিচালক

লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
ফোন: ৪৪৮১৩০৭৬
email: director.liaison@yahoo.com

বিতরণ : কার্যার্থে (নামের ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. প্রধান তথ্য অফিসার, পি. আই. ডি. বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৩. পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৪. পরিচালক, মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
৫. পরিচালক, বার্তা, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৬. সিনিয়র ইঞ্জিনিয়ার, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (বেতারের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. পরিচালক, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
৮. স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
৯. চীফ রিপোর্টার, বাসস/ ইউএনবি/ নফহববি ২৪.পড়স।
১০. সম্পাদক, দৈনিক ইত্তেফাক/ দৈনিক যুগান্তর/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক সমকাল/ দৈনিক বাংলাদেশ প্রতিনিধি/ দৈনিক কালের কণ্ঠ/ দৈনিক সকালের খবর/ ডেইলী স্টার/ ডেইলী সান/ দৈনিক মানবজমিন, ঢাকা।
১১. প্রধান বার্তা সম্পাদক, চ্যানেল আই/ এটিএন বাংলা/ এটিএন নিউজ/ একুশে টিভি/ এনটিভি/ বাংলাভিশন/ দেশ টিভি/ ইন্ডিপেন্ডেন্ট টিভি/ চ্যানেল ২৪/ একান্তর টিভি/ আরটিভি/এস এ টিভি/ সময় টেলিভিশন/ বৈশাখী টিভি/ মাছরাঙ্গা টেলিভিশন/ মাই টিভি/ জিটিভি/ মোহনা টিভি/ যমুনা টিভি/ চ্যানেল নাইন, ঢাকা।
১২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৩. নথি।